



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম- ৪৩৪৯।

স্মারক নং- চুয়েট/একা-৪৪/৩৩৭,


তারিখ : ১৭/০৭/২০২৪ খ্রি।

ঃ বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পত্র স্মারক নং: ৩৭.০১.০০০০.০৩১.৯৯.০০৪.২১.৩১৭, তারিখঃ ১৬ জুলাই, ২০২৪ মূলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিদ্ধান্ত অনুযায়ী এবং অদ্য ১৭/০৭/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট-এর ১৩৫তম (জরুরী) সভার সিদ্ধান্তক্রমে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বন্ধ থাকবে। একই সাথে শিক্ষার্থীদেরকে ১৮/০৭/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে স্ব স্ব হল ত্যাগ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

শিক্ষার্থীদের ক্যাম্পাস ত্যাগের সুবিধার্থে অদ্য ১৭/০৭/২০২৪ খ্রিঃ এবং আগামীকাল ১৮/০৭/২০২৪ খ্রিঃ তারিখে বিশ্ববিদ্যালয়ের বাস ক্যাম্পাস থেকে শহরে গমনাগমন করবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে-



(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- চুয়েট/একা-৪৪/৩৩৭(১০)

তারিখ: ১৭/০৭/২০২৪ খ্রি।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সকল ডীন, চুয়েট।
- ২। ইনস্টিটিউট পরিচালক/বিভাগীয় প্রধান/প্রভোস্ট, চুয়েট। বিজ্ঞপ্তি টি তাঁর বিভাগ/দপ্তরের সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধ সহকারে।
- ৩। পরিচালক, ছাত্রকল্যান, চুয়েট। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে।
- ৪। সকল দপ্তর প্রধান/শাখা প্রধান, চুয়েট।
- ৫। পরিচালক, আইআইসিটি, চুয়েট। বিজ্ঞপ্তি টি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে Up-load করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে।
- ৬। সভাপতি, যানবাহন পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি, চুয়েট। শিক্ষার্থীদের ক্যাম্পাস ত্যাগের সুবিধার্থে প্রয়োজনীয় সংখ্যক বাস প্রদানের অনুরোধ সহকারে।
- ৭। সহকারী রেজিস্ট্রার (সমন্বয়), চুয়েট। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। প্রশাসনিক কর্মকর্তা, উপ-উপাচার্য মহোদয়ের দপ্তর। উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৯। অত্র বিশ্ববিদ্যালয়ের সকল বিজ্ঞপ্তি ফলক, চুয়েট।
- ১০। সংরক্ষণ নথি।



(মোহাম্মদ রাফিকুল ইসলাম)

ডেপুটি রেজিস্ট্রার

একাডেমিক শাখা ও ছাত্র-বৃত্তি শাখা
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।